দৈনিক বাংলা

তারিখ ... 31 JUL 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪

82

# ক্যাম্পাসের ঘটনা ঃ বিভিন্ন ছাত্র সংগঠনের নিন্দা

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গতকালের সন্ত্রাসী ঘটনার তীব্র নিন্দা করে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ বিবৃতি প্রদান করেছেন। বিবৃতিতে ছাত্র নেতৃবৃন্দ অবিলম্বে সন্ত্রাস বন্ধের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে সরকারের প্রতি আহ্বান

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসের ঘটনা

(প্রথম পৃষ্ঠার পর)

জানিয়েছেন। তাঁরা সাধারণ ছাত্র সমাজকেও এই সন্ত্রাসীদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান।

বিবৃতিদাতা ছাত্র সংগঠনগুলো হচ্ছে ঃ ছাত্রলীগ, ছাত্র ফেডারেশন, গণতান্ত্রিক ছাত্র শক্তি, ইসলামী ছাত্র শিবির, ছাত্র লীগ (না-শ), ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (লু-আ), গণ-তান্ত্রিক ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (সা-স), বিপ্লবী ছাত্র সংঘ, ছাত্রমৈত্রী, ছাত্র সমিতি, গণতান্ত্রিক ছাত্র কেন্দ্র ইত্যাদি।